গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং
১৯৯-আইন/৯৮,
তাং ০৩-০৯-১৯৯৮ দ্বারা
এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ, ১লা কর্তিক, ১৩৯৭/১৭ই অক্টোবর, ১৯৯০ ইং।

এস,আর,ও নং ৩৬২-আইন/৯০।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার কোন করদাতা কর্তৃক বাস, মিনিবাস, ট্রাক, ট্যাংক-লরী, হইতে অর্জিত সম্পূর্ণ আয়কে এই শর্তে আয়কর হইতে অব্যাহতি দান করিলেন যে, উক্ত করদাতা–

(১) অনধিক দুইটি বাস, মিনিবাস, ট্রাক, ট্যাংক-লরীর মালিক হওয়ার ক্ষেত্রে তাঁহাকে নিম্নোক্ত হারে, যথা:-

	প্রদেয় আয়কর
(ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য;	টাকা ২,০০০.০০
(খ) ৫২ অথবা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য;	টাকা ১,৫০০.০০
(গ) প্রতিটি মিনিবাসের জন্য;	টাকা ১,০০০.০০
(ঘ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য;	টাকা ২,০০০.০০
(ঙ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য;	টাকা ১,০০০.০০
(চ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য;	টাকা ২,০০০.০০
(ছ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য।	টাকা ১,০০০.০০

(২) দুইটির অধিক বাস, মিনিবাস, ট্রাক, ট্যাংক-লরীর মালিক হওয়ার ক্ষেত্রে তাঁহাকে নিম্নোক্ত হারে, যথা:-

	প্রদেয় আয়কর
(ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য;	টাকা ২,৫০০.০০
(খ) ৫২ অথবা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য;	টাকা ২,০০০.০০
(গ) প্রতিটি মিনিবাসের জন্য;	টাকা ১,৫০০.০০
(ঘ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য;	টাকা ২,৫০০.০০
(ঙ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য;	টাকা ১,৫০০.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

(চ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য; টাকা ২,৫০০.০০

(ছ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য। টাকা ১,৫০০.০০

২। উক্তরূপ কোন করদাতা এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুযোগ গ্রহণ না করিলে তাঁহার ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর সংশ্লিষ্ট বিধানসমূহ প্রযোজ্য হইবে।

৩। কোন করদাতা এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুযোগ গ্রহণ করিলে তাঁহার বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংক-লরী হইতে অর্জিত আয় তাঁহার মোট আয় নিরূপণের বেলায় হিসাব ধরা হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
আলী রেজা খান
অতিরিক্ত সচিব

সংশোধনী এস,আর,ও-টি ১৩৯ *নং পৃষ্ঠায় দেখুন।*

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
S.R.O. No. 362/1990 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner